

# AKUI KAMALABALA WOMEN'S COLLEGE

Estd.- 2016

(Affiliated to Bankura University)

Vill.+ P.O.- Akui, P.S.- Indas, Dist.- Bankura, Pin-722201

Website: akuiwomenscollege.org • E-mail: akw.college@gmail.com • Ph-9474918607




Ref. No. :

Date.

Title of Paper	Author Name	Name of Journal	ISSN No.	Year of Publication
Shankha Ghosher Chhorai 'Sob kichutei khelna hoi (Sankh Ghosh rhymes 'everything is a toy' )	Dr.Sk Nazrul Islam	Ebong Mohua	42327	2021

Cover page of the Journal



Nandini Maiti  
16.4.24  
Co-ordinator  
I.Q.A.C.  
Akui Kamalabala Women's College  
Akui, Bankura, W.B.

16.04.2024  
Principal  
Akui Kamalabala Women's College  
Akui, Bankura

## শঙ্খ ঘোষের ছড়ায় 'সবকিছুতেই খেলনা হয়'

ড. শেখ নজরুল ইসলাম

বাংলা ছড়ার জগৎটি সত্যিই এক অমূল্য সম্পদ। এ এমন এক সম্পদ, যার প্রেমে মশগুল ছোটো থেকে বড়ো সকলেই। ছড়াকে মূলত শিশুসাহিত্য বিভাগে রাখা হয়ে থাকে। তাহলে প্রশ্ন উঠবে, কাকে বলে শিশুসাহিত্য? শিশুসাহিত্য রচনার প্রাথমিক শর্তই বা কী? 'শিশুসাহিত্য রচনার প্রাথমিক শর্ত অবশ্যই শিশু-মন বোঝা; অপরূপ মনের হৃদয় পেতে হয় শিশুসাহিত্যিককে। তাই শিশুসাহিত্য বলতে মূলত শিশুদের উপযোগী সাহিত্য চর্চাকেই বোঝায়। শিশুদের সরল মনের গভীরে প্রবেশ করতে হয় সহজ-সরল ভাষা ও ভাব নিয়ে।'

কিন্তু 'সহজ কথা' বলা তো আর 'সহজ' ব্যাপার নয়। সুচারু কারিগর হতে হয় তার জন্য। তা না হলে পদে পদে বিপদ অবশ্যস্বীকার্য। এরকম সমস্যা থেকেই সম্ভবত হেমেন্দ্রকুমার রায় ১৩৭৪ বঙ্গাব্দে যোগীন্দ্রনাথ শতবার্ষিকী স্মরণী গ্রন্থে লিখেছিলেন— "যারা শিশুসাহিত্য রচনার ভার নেন, তাঁদের অনেকে প্রধানত দু-রকম ভুল করেন। প্রথমত, কেউ কেউ বিষয় গাভীর সহকারে উপদেশকের মতো শিশুমহলে গিয়ে কথকতা করতে চান। দ্বিতীয়ত, কেউ কেউ মনে করেন, উচ্চতর রচনাপদ্ধতি বা কলাকৌশল ছেড়ে আজীবনে ছেলেমানুষি করলেই ছোটোরা তাঁদের লেখা পছন্দ করবে। ... তাঁরা জানেন না, শিশুদের মধ্যে যথেষ্ট কাব্যরসগ্রাহী আছে এবং তারা উপদেশকে ভালবাসে না।"

'উপদেশকে ভালবাসে না' কথার সত্যতা স্বীকার করেও বলতে হয়, অনেক সফল শিশুদের জনপ্রিয় লেখা কিন্তু কোনো না কোনো উপদেশ বা নীতিকথা বহন করেছে। এবং সেগুলি শিশুদের মন জয় করতেও সক্ষম। এর রহস্য কোথায়! আসলে উপদেশ বা নীতিশিক্ষা উপস্থাপনার কৌশল জানতে হয় শিশুসাহিত্যিকদের। এই বিষয়ে মুন্সিয়ানা দেখাতে পারলে শিশুমন তা গ্রহণ করতে আগ্রহী হবেই। কাজী নজরুল ইসলামের 'লিচুটোর' ছড়াটি এক্ষেত্রে প্রাসঙ্গিক আলোচনার বিষয় হতে পারে। 'লিচুটোর' নিঃসন্দেহে শিশুদের একটি অতি জনপ্রিয় ছড়া। এখানে চুরির মধ্য দিয়ে শিশুমনের উদ্বেজনা চরম পর্যায়ে পৌঁছেছে। কিন্তু এই চুরির উদ্বেজনাপ্রবণ অভিজ্ঞতা সাময়িকভাবে রোমাঞ্চকর হলেও তার পরিণাম কিন্তু মোটেই সুখের হয়নি। ছড়ার শেষে তাই চুরি সম্পর্কে অনুতাপজনিত উক্তি উপদেশ বা নীতিকথার মতোই উচ্চারিত হয়েছে—

'যাব ফের ? কান মলি ভাই,

এবং মন্থা-জুন, ২০২১ ।।।

৪৬৪

*Nandini Maity*  
16.4.2024  
Co-ordinator  
I.Q.A.C.  
Akul Kamalabala Women's College  
Akul, Bankura, W.B.

*Dr. N. Maity*  
16.04.2024  
Principal  
Akul Kamalabala Women's College  
Akul, Bankura